

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১৬

১/ বিবিধ

আরবী

من جحد أية من القرآن فقد حل ضرب عنقه، ومن قال: لا إله إلا الله وحده لا شريك له، وأن محمدا عبده ورسوله، فلا سبيل لأحد عليه، إلا أن يصيب حدا، فيقام عليه منكر

أخرجه ابن ماجه (2539) وابن عدي (101/1) والهروي في " ذم الكلام " (2/25/1) –
 (2) من طريق حفص بن عمر بن ميمون العدني: حدثنا الحكم بن أبان عن
 عكرمة عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم. وقال ابن عدي
 " والحكم بن أبان، وإن كان فيه لين، فإن حفصا هذا ألين منه بكثير
 والبلاء منه لا من الحكم، وعامة حديثه غير محفوظ
 وفي " التقريب " : " الحكم بن أبان صدوق عابد، وله أوهام. وحفص بن عمر العدني
 ضعيف
 وذكر له الذهبي في " الميزان " هذا الحديث من منكراته

বাংলা

১৪১৬। যে ব্যক্তি কুরআনের একটি আয়াত অস্বীকার করবে তার গর্দানে প্রহার করা (গর্দান উড়িয়ে দেয়া) বৈধ হয়ে যাবে। আর যে ব্যক্তি 'লা-ইলাহা ইল্লাল্লাহু অহদাছ লা-শারীকালাহু, অ আন্না মুহাম্মাদান আবদুছ অরসূলুছ বলবে, তার বিপক্ষে কারো জন্য কোন কিছু করার কোনই সুযোগ নেই। তবে সে যদি কোন শাস্তিযোগ্য অপরাধে জড়িয়ে পড়ে তাহলে তার উপরে তা বাস্তবায়ন করতে হবে।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইবনু মাজাহ (২৫৩৯), ইবনু আদী (১/১০১), হারাবী "যাম্মুল কালাম" গ্রন্থে (২/২৫/১-২) হাফস ইবনু উমার ইবনে মায়মুন আদানী সূত্রে হকাম ইবনু আবান হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

ইবনু আদী বলেনঃ হাকাম ইবনু আবানের মধ্যে যদিও দুর্বলতা রয়েছে তবুও হাফসের মধ্যে তার চেয়ে বহু বেশী দুর্বলতা রয়েছে। বিপদটা এসেছে তার থেকে, হাকাম থেকে নয়। তার অধিকাংশ হাদীস নিরাপদ নয়।

“আত-তাকরীব” গ্রন্থে এসেছেঃ হাকীম ইবনু আবান সত্যবাদী একজন আবেদ। তার কতিপয় সন্দেহযুক্ত বর্ণনা রয়েছে। আর হাফস ইবনু উমার আদানী দুর্বল।

হাফয যাহাবী “আল-মীযান” গ্রন্থে উল্লেখ করেছেন যে, এ হাদীসটি তার মুনকারগুলোর অন্তর্ভুক্ত।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72295>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন